একেক বছর একেকটি বিষয় বা থিমকে সামনে রেখে দিবসটি পালন করা হয়। এই শ্লোগান প্রতি বছর ভিন্ন রকম হয়। নির্দিষ্ট একটি থিম থাকে এই দিবসের। চলতি বছরের শ্লোগান হচ্ছে ‘কমিউনিকেশনঃ শেয়ারিং ইনফোরমেশন ফর বটোর কো-অপারেশন’।^২ এবারে যোগাযোগ এর বিষয়টিকে গুরুত্ব দেয়া হয়েছে। বলা বাহুল্য যে, যোগাযোগ মানে হচ্ছে সহযোগিতা। আর সহযোগিতা ছাড়া কাস্টমস এর ফাংশনাল কাজ এগোতে পারে না। এই যোগাযোগ ও সহযোগিতা দেশের ভেতর স্টেকহোল্ডারগণের মধ্যে যেমন দরকার, তেমনি আন্তর্জাতিক পরিমণ্ডলেও সমভাবে প্রয়োজন। এর মূল কথা হচ্ছে, দুনিয়া এগিয়ে যাচ্ছে। বিশ্বায়নের যুগে বিজনেস ও স্টেকহোল্ডারগণ দ্রুত এগিয়ে যাচ্ছে নানা প্রযুক্তির ব্যবহার ও ব্যবস্থাপনায়। তীব্র প্রতিযোগিতামূলক বিজনেস পরিবেশের কারণেই তাদের এই এগিয়ে যাওয়া। কিন্তু, তাদের অংশিদার কাস্টমস যদি তাল না মিলায়, তাহলে তাদের এই অগ্রযাত্রাও যে ব্যাহত হবে তা বলার অপেক্ষা রাখে না। কথা হচ্ছে, কীভাবে তাল মিলানো যাবে? বিশ্বায়নের সাথে কাস্টমসকেও খাপ খাওয়াতে হবে। নইলে দেশের উন্নয়নও আটকে যাবে। পিছিয়ে পড়তে হবে অন্যান্য দেশের তুলনায়। বর্তমানের যে সব জ্ঞান-বিজ্ঞানের আবির্ভাব ও গবেষণার ফলাফল তা ভালোভাবে রপ্ত ও প্রয়োগ করতে হবে। আর এজন্য আলোকিত কাস্টমস প্রশাসন গড়ার কোন বিকল্প নেই। এর মূল কথাই হলো বিশ্বের নতুন নতুন প্রযুক্তির কার্যকর ব্যবহার। আমাদের জ্ঞান ও দক্ষতার অভাব নেই। কাস্টমস বিভাগের কর্মকর্তারা যোগ্যতা ও দক্ষতার বিচারে উত্তীর্ণ। নবীন কর্মকর্তারা সর্বশেষ জ্ঞানের ক্ষেত্রে আরো এগিয়ে। দরকার শুধু সদিচ্ছা, কমিটমেন্টের। পাশাপাশি সরকার বাহাদুরকে বুঝানো। একই সঙ্গে দরকার প্রযুক্তির অবাধ ব্যবহার। আর এজন্য যে অর্থ প্রয়োজন তা সরকার বাহাদুরকে বুঝানো গেলে, তা নিশ্চয়ই দুস্পাপ্য হবে না। কারণ এর মূল যুক্তি হবে, এই খাতে বিনিয়োগ করলে এতে অধিকতর রিটার্ন নিশ্চিতভাবে পাওয়া যাবে। কারণ, উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে পুঁজি বা অর্থপ্রাপ্তি। টাকা থাকলে এ কাজটি সহসাই সম্ভব। আর এই টাকার সংস্থানের অন্যতম উপায় হতে পারে কাস্টমস। কাস্টমস এর ভূমিকা হতে পারে বাংলায় প্রচলিত ‘গৌরি সেন’^৩ এর মতো। কারণ কাস্টমস হচ্ছে অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলভিত্তি। শিল্পায়ন, কৃষি হতে শুরু করে সর্বক্ষেত্রে এটি হবে যেমন রক্ষা কবজ, তেমনি হবে ভুঁইফোর ব্যবসাকে নিরুৎসাহিত করা। এর ইতিবাচক ভূমিকাই যেমন কাস্টমস ডিউটির যৌক্তিকীকরণ, তেমনি এর প্রভাব পরবে মুসক ও আয়কর রাজস্বে।

আমাদের জন্য গুরুত্ব

আমাদের দেশে কাস্টমস এর ইতিবাচক ভূমিকা একটি নির্দিষ্ট খাঁচায় বন্দি। বৃহত্তর জনগোষ্ঠীর কাছে এর ইমেজ সুখকর নয় বলে প্রতীয়মান। দশজন বন্ধু ও আমজনতার সাথে একান্তে কথা বললে বিষয়টি পরিষ্কার হতে পারে। আমি কী ভাবি সেটি সর্বদা সার্বজনীন নাও হতে পারে। অন্যরা কী চোখে দেখছে সেটি আমলে নেয়ার গুরুত্ব অনেক। এর জন্য ব্যাপক জনগোষ্ঠীর কাছে যাওয়ার কোন বিকল্প নেই। আর এজন্য পাবলিক ডিবেট, সেমিনার, সিম্পোজিয়াম আয়োজন করা জরুরী হয়ে পড়েছে। কাস্টমস এর ফাংশন অর্থনীতি, সমাজনীতি, পরিবেশনীতি ও ক্রিমিনোলজি এর সাথে ওতপ্রতোভাবে জড়িত। এসব ডিসিপ্লিনের বরণ্য অধ্যাপক ও প্রাকটিনারস নিয়ে একাডেমিক আলোচনার আয়োজন করা যেতে পারে। এসব বরণ্য ব্যক্তিদের মুখে আমাদের সম্পর্কে মূল্যায়ন ও সে হিসেবে আমাদের এগিয়ে যাওয়ার বিষয়টিতে তাদের মতামতকে গুরুত্বারোপ করা যায় কিনা ভেবে দেখা দরকার। এতে আলোকিত কাস্টমস প্রশাসন গড়ে তুলতে সহায়ক হতে পারে। একইসাথে সামনে চলার পথকে মসৃণ করতে পারে।

২। একেক বছর একেকটি থিম নির্দিষ্ট করা হয়ে থাকে। এটি সমসাময়িক প্রসঙ্গ ও গুরুত্বকে সামনে রেখেই ঠিক করা হয়। যেমন, ২০০৯ সালে এই শ্লোগান ছিল ‘এনভায়রনমেন্ট, ২০১০ এ কাস্টমস বিজনেস পার্টনারশিপ’, ২০১১ এ ‘নলেজ’, ২০১২ এ ‘কনেকটিভিটি ও ২০১৩ এ ‘ইনোভেশন ফর কাস্টমস প্রগ্রেস’। এসব গুলোই কিন্তু কাস্টমস এর দার্শনিক ভিত্তি। একই সঙ্গে কাস্টমস এর দৈনন্দিন কার্যক্রমের সংশ্লেষ রয়েছে। কাস্টমসকে যুগ-উপযোগী করাই এই থিমগুলোর প্রচারণা। বিশ্বায়নের যুগে তাল মিলাতে বাংলাদেশকেও এর সাথে যুক্ত হতে হবে। নতুবা, আমরা পিছিয়ে পড়বো অন্যদের তুলনায়।

৩। ১৮ শ শতাব্দীতে কোলকাতার হাওড়ায় বালি এলাকার নন্দরায় সেনের পুত্র গৌরি সেন আমদানি-রপ্তানি ব্যবসা করে বিপুল ধন-সম্পদের মালিক হন। তবে এই সম্পদ কেবল তিনি তার ভোগ-বিলাসে নিয়োজিত করেননি। পাড়া-প্রতিবেশি ও আশে-পাশের সকলের দুঃখ দুর্দশায় তিনি তার অর্থ বিলিয়ে দেন। কারো কোন দেনা বা আর্থিক সমস্যায় গৌরি সেন ত্রাণকর্তা হিসেবে ভূমিকা রেখেছেন। বাংলায় এর একটি প্রবাদ প্রচলিত আছে, ‘লাগে টাকা, দেবে গৌরি সেন’।

কাস্টমস প্রশাসনকে মিডিয়ায় প্রতি আরো বন্ধুসুলভ হওয়া যায় কিনা ভেবে দেখা দরকার। কাস্টমস ফাংশনে মিডিয়াকে সম্পৃক্ত করার গুরুত্ব অনেক। সমালোচককে শত্রু হিসেবে না এড়িয়ে, বন্ধু হিসেবে গ্রহণ করা সম্ভব বলে প্রতীয়মান। এতে ভুল-ত্রুটি শুধরানো সহজ হতে পারে। অভিজ্ঞতার আলোকে দেখা গেছে, মিডিয়াকে ইচ্ছাকৃতভাবে আমরা দূরে ঠেলে দিয়েছি। আবার যেক্ষেত্রে কাছে নিয়েছি, সেগুলোতে হয়তো ব্যক্তি স্বার্থ ও ক্ষুদ্র গোষ্ঠি স্বার্থ জড়িত আছে। মিডিয়া হচ্ছে, দেশের জনগণের চোখ। মিডিয়াতে যেভাবে আসে, জনগণ সেভাবে চিত্রায়িত করে প্রাথমিকভাবে। ভালো কাজকে তুলে ধরা ও মন্দ কাজ রোধে জনগণের সহযোগিতা চাওয়া দোষের কিছু নেই বলে মনে হয়। আইন প্রয়োগকারী অন্যান্য সরকারি বিভাগগুলোর মতোই এই বিভাগকে মিডিয়াকে কাজে লাগানো যেতে পারে। প্রতিটি কমিশনারেটে/কাস্টম হাউসে এবং জাতীয় রাজস্ব বোর্ডের শক্তিশালী মিডিয়া উইং ও শাখা গড়ে তোলা যেতে পারে। বর্তমানে রাইট টু ইনফরমেশন আইন হয়েছে। এই আইন ও অন্যান্য সরকারি নির্দেশনার আলোকে ব্যবস্থা নেয়া যেতে পারে।

বর্তমানে জাতীয় পর্যায়ে কাস্টমস দিবসের প্রভাব স্পষ্ট নয়। অথচ, পুলিশসহ অন্যান্য সংস্থায় যারা কাজ করেন, তাদের জাতীয় সপ্তাহ বা দিনটি বেশ ঘটা করে পালন করা হয়। এর কোন কোনটি আবার দেশের সর্বোচ্চ নির্বাহীকে উপস্থিত থাকতে দেখা যায়। এতে তাদের জাতীয় পর্যায়ে সপ্তাহ/দিবসের তাৎপর্য তুলে ধরার পাশাপাশি ঐসব সংস্থায় কর্মরতরাও উজ্জীবিত হয়। অন্যদিকে, তাদের সামষ্টিক সমস্যা ও তা সমাধানেরও তাগিদ অনুভূত হয় নতুন করে। অনেক ক্ষেত্রে তা সমাধানও হয়ে যায় তাৎক্ষণিকভাবে। কিন্তু কাস্টমস এর এই দিবস কি ঐসব সংস্থার মতো বহুল প্রচারিত হয়ে থাকে? বিষয়টি ভেবে দেখা দরকার। এবারের আয়োজন আগের তুলনায় হয়তো গুরুত্ব দিয়ে পালন হচ্ছে, কিন্তু ভবিষ্যতে আরো ফলাওভাবে করা যেতে পারে।

আমাদের দেশে এখনো কাস্টমস এর গুরুত্ব রাজস্ব নির্ভরতায় সীমিত বলে মনে হয়। তবে অর্থনৈতিক ও আন্তর্জাতিক মানদণ্ডে এর সত্যিকারের উপকারিতা কি তা মূল্যায়ন করা দরকার। কাস্টমস এর রাজস্ব নির্ভরতা কতখানি ক্ষতির সৃষ্টি করে তা অর্থনীতির ছাত্ররা ভালো জানেন। আমদানির উদ্দেশ্যে আনিত মালামাল একরকম জিম্মি করে ট্যাক্সের টাকা আদায় করার মতো অবস্থা। এর পেছনে কোন অর্থবহ গবেষণা হয় কিনা তা খতিয়ে দেখার সময় এসেছে। পূর্বের বছরের তুলনায় ২০-৩০% বেশি আদায় করতে হবে - এমন বাস্তবতা লক্ষ্য করা যায়। তবে সুখের বিষয় হচ্ছে যে, চলতি ২০১৩-১৪ বছরে এই প্রথম কাস্টমস এর রাজস্ব টার্গেট তেমন বৃদ্ধি করা হয়নি। গত বছর যা ছিল এবার তাই রাখা হয়েছে। এতে শুষ্ক নীতিতে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা যায়।^৪ অস্ট্রেলিয়ার সেন্টার ফর কাস্টমস এন্ড এক্সাইজ এর পরিচালক ডক্টর ডেভিড উড্রোসন এর মতে, বর্তমান কাস্টমস এর ভূমিকাকে ট্রেডিশনাল ‘গেটকিপার’ হতে আধুনিক চিন্তা ও বাস্তবতার সাথে খাপ খাওয়াতে হবে। তিনি বর্তমানের বৈশ্বিক ও অভ্যন্তরীণ সঙ্কট উত্তরণ, নিরাপত্তা, বিজনেস প্রমোশন, দেশের শ্রম-বাজার বৃদ্ধি, শিল্পায়নের প্রসার, জনস্বাস্থ্য রক্ষা, পরিবেশ উন্নয়ন ইত্যাদি বিষয়ের উপর বেশি জোর দেন। তার কর্তৃক সম্পাদনায় একাডেমিকভাবে স্বীকৃত ‘ওয়ার্ল্ড কাস্টমস জারনাল’ এর বেশ কয়েকটি নিবন্ধে এই বিষয়টির উপর আলোকপাত করেন। তার মানে হচ্ছে, কাস্টমস এর পরিবর্তিত ভূমিকা হবে মূলত ‘ল-এসফোর্সমেন্ট’। দেশের নানা জাতীয় ও আন্তর্জাতিক লিগ্যাল ইনস্ট্রুমেন্ট বাস্তবায়নই হবে এর প্রধান কাজ। অস্ট্রেলিয়া, কানাডাসহ নানা দেশে বর্ডার গার্ড, পণ্য ও মানবপাচার রোধ, পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষা, ক্রাইম ও সন্ত্রাস নিয়ন্ত্রণ এবং তদন্ত কাস্টমস এর নতুন ভূমিকাকে সামনে নিয়ে এসেছে।

তাহলে প্রশ্ন আসে বাংলাদেশে সরকারের রাজস্বের কী হবে? উন্নতবিশ্বের নানা দেশে কাস্টমস এর রাজস্ব নগন্য পর্যায়ে। তারা সরকারকে তেমন কোন রাজস্ব দেয় না। এরকম কোন টার্গেট তাদের থাকে না। ঐসব দেশে কাস্টমস ডিউটি ব্যবহার হয় নিয়ন্ত্রণমূলক হিসেবে। কোন কোন অর্থনীতিবিদদের মতে, কাস্টমস এর উপর রাজস্ব নির্ভরতা কেবল ‘এফিসিয়েন্সি লস’ এর সৃষ্টি করে। জাপানের গ্রিপস্ এ মাস্টার্স কোর্স এর থিসিসে

৪। জাতীয় রাজস্ব বোর্ডের হিসেব মতে, গত বছর (২০১১-১২) এ কাস্টমস খাতে আদায় হয়েছে প্রায় ৩৫০০০ কোটি টাকা। চলতি বছরেও এর আদায়ের টার্গেট ধরা হয়েছে ৩৫২০০ কোটি টাকা। অন্যান্য মুসক ও আয়করের খাতে এই বৃদ্ধি প্রায় ২৫% হতে ৩০% পর্যন্ত বৃদ্ধি করলেও কাস্টমস খাতে এই বৃদ্ধি ধরা হয়নি। এটি সুস্বল্প চিন্তার প্রতিফলন হিসেবে বিবেচিত বলে কেউ মনে করেন।

বাংলাদেশের অর্থনৈতিক ডাটা বিশ্লেষণে দেখা গেছে, প্রতি ১০০ টাকা কাস্টমস রেভিনিউ আদায় করলে ২৭ টাকা অর্থনীতিতে দক্ষতা ক্ষতির সৃষ্টি করে। অন্যদিকে এই রেভিনিউ যদি প্রত্যক্ষ করের উপর আদায় করা যায় তাহলে ক্ষতি হয় এক টাকারও কম। গবেষণাটি বিখ্যাত অর্থনীতিবিদদের বিভিন্ন রেফারেন্স এর ভিত্তিতে করা হয়। এটি কাস্টমস এর একটি ম্যাগাজিনেও প্রকাশিত হয়। এই ক্ষতি মূলত, শিল্পায়ন, চাকরির বাজার, অধিক কাজ করার ইনসেন্টিভ ইত্যাদির সমন্বয়ের ভিত্তিতে করা হয়েছিল। অনেক দেশেই কাস্টমস ডিউটির সর্বোচ্চ হার ৫%। অস্ট্রেলিয়াতেও এই হার প্রযোজ্য। আমেরিকা, জাপান, কানাডাসহ অন্যান্য দেশেও এটি প্রযোজ্য। অথচ, আমাদের দেশে এখনো ২৫%। এছাড়া সম্পূর্ণক শুল্কসহ আরো ট্যাক্স ‘হিডেন’ হিসেবে আছে। ব্যবসায়ীমহল এই বিষয়ে আরো ভাল করে জানেন। ব্যাংকের চড়া সুদের উপর এই বাড়তি শুল্ক-করাদি পরিশোধ করে তাকে লাভ বা বিনিয়োগের রিটার্ন সৃষ্টি করতে হলে তাকে নিশ্চয়ই বহুবার ভাবতে হবে। এই যে পলিসির কাঠিন্য, তা বর্তমান বৈশ্বিক বাস্তবতার সাথে সঙ্গতিপূর্ণ কী না তা বিশ্লেষণের দাবি রাখে। আর আর্থনীতিক কর্মকাণ্ড না বাড়লে কর্মসংস্থান হবে কীভাবে? দেশের শিল্পায়ন হবে কীভাবে? দেশের মানুষের ক্রয়ক্ষমতা বাড়বে কীভাবে? এই যে কাস্টমস এর উপর রাজস্ব নির্ভরতা তা যে কাস্টমস এর পরিবর্তিত বৈশ্বিক ভূমিকার সাথে সামঞ্জস্যতাপূর্ণ নয় তা বলার অপেক্ষা রাখে না। তাই রাজস্ব নির্ভরতা থেকে বের হওয়ার সময় এসেছে।

কাস্টমস এর নির্ভরতা পরোক্ষ করের উপর সহসাই স্থানান্তর করা সম্ভব। উন্নত বিশ্বে তাই হয়। আমাদের দেশেও এটি করা যেতে পারে। দেশের সিংহভাগ রাজস্ব প্রত্যক্ষ করের খাত হতে আসতে পারে। অনেক দেশে, যে কোন বেতন-ভাতাদি বা পাওনাদি আদায়ের সাথে সাথেই ট্যাক্স কেটে রাখার নিয়ম। নির্দিষ্ট হারে (সাধারণত সর্বোচ্চ হারে) ট্যাক্স কেটে বাকি টাকা ব্যাংক এ্যাকাউন্টে জমা হয়। বছরশেষে রিটার্ন জমা দেয়ার সময় কর্তনকৃত টাকার হিসেব কষতে হয় নির্ধারিত ট্যাক্সেবল ইনকাম দেখে। এতে দেখা যায়, অধিকাংশ লোকই বছর শেষে কর্তনকৃত টাকা ফেরত পেয়ে যায়। তবে ফেরত পাওয়ার বিষয়টিও অটোমেটিক। এর জন্য দশ জায়গায় স্বাক্ষর নিতে হয় না, বা দৌড়াতে হয় না ট্যাক্সপেয়ারকে। রিটার্নের সাথে সাথেই তার ব্যাংক এ্যাকাউন্টে অতিরিক্ত টাকা জমা করা হয়। কর কর্মকর্তাদের নিকট কোন ইনকাম লুকানোর কিছু নেই। সবকিছুই অনলাইনে হয়। প্রতিটি পেমেন্ট ও ব্যয় একটির সাথে আরেকটি লিংক করা থাকে। এমনকি ব্যাংক হিসাব পর্যন্ত। কর কর্মকর্তারা কোন ব্যক্তির নাম, জন্ম তারিখ ও আইডি দিয়ে ক্লিক করলে ঐ ব্যক্তির বছরের ইনকাম ও ব্যয় বের করতে পারেন। সুতরাং কর ফাঁকির সুযোগ একেবারে সীমিত। যে কথাটি গুরুত্ব সহকারে বলা দরকার তা হচ্ছে, প্রত্যক্ষ করের আওতা যেমন বাড়ানো দরকার, তেমনি কর পরিশোধ ও আদায় আরো স্বচ্ছ ও জবাবদিহিমূলক করা দরকার। প্রত্যক্ষ করের উপর জোর দেয়ার আরেকটি বিষয় হচ্ছে যে, এর দ্বারা সমাজে ন্যায়বিচার ও সমতা বিধান করা সম্ভব। কেননা, ধনী ও সক্ষম লোকের উপর করের বোঝা শিফট করা যায়। ভিন্ন ভিন্ন ইনকাম গ্রুপ করে ভিন্ন ভিন্ন ট্যাক্স হার প্রয়োগ করে অপেক্ষাকৃত কম সক্ষম লোকদের করের বোঝা থেকে রেহাই দেয়া যায়। অন্যদিকে কাস্টমস ট্যাক্স এই ভিন্নতা সৃষ্টি করতে পারে না। সবার উপর এই করের ভার সমানভাবে আরোপিত হয়। সক্ষমতার বিচার এই ট্যাক্স করতে পারে না। এজন্য বলা হয়, মানুষভেদে এই ট্যাক্স ‘অন্ধ’। একজন ভিখেরি বা বেকার একজন ধনী মানুষের মতো ট্যাক্স দিবে তা আশা করাটা সঙ্গত নয়।^৫ মূল কথা, ট্যাক্স এর বোঝা কাস্টমস থেকে প্রত্যক্ষ করের উপর দেয়া উচিত। টার্গেট নামক বাড়তি চাপ কাস্টমস এর উপর থাকা উচিত নয়। আর এই ট্যাক্স কাঠামোয় অন্তর্ভুক্ত হতে পারে মূল্য সংযোজন কর (ভ্যাট) ব্যবস্থাও। ইনকাম ট্যাক্স ও ভ্যাটের মধ্যে পারস্পারিক যোগাযোগ ও সমন্বয় আরো ফল বয়ে আনতে পারে। অর্থনৈতিক বিচার বিশ্লেষণ ও দেশের প্রেক্ষাপট বিবেচনায় এনে এটি করা যৌক্তিক হতে পারে।

গুরুত্ব যে কথাটি এসেছে সেটি নিয়েও আলোচনা করা দরকার। পুলিশ, বিজিবিসহ অন্যান্য সংস্থার মতোই কাস্টমস একটি ল-এনফোর্সমেন্ট সংস্থা। অন্যান্য সংস্থার মতো এটির সমধিক গুরুত্ব আছে। আগেই বলা

৫। ধরা যাক, একটি খাদ্য দ্রব্যের আমদানির উপর শুল্ক ধরা হয়েছে ২৫%। একজন বেকার ১০০ টাকা দিয়ে কিনলে তাকে ২৫ টাকা ট্যাক্স দিতে হবে। অন্যদিকে উচ্চবিত্তরা ঐ দ্রব্যের উপর একই হারে ট্যাক্স দিচ্ছে। অন্যদিকে, এই টাকা প্রত্যক্ষ কর হতে আদায় হলে বেকার লোকটিকে এই কর দিতে হতো না। এখানেই সমাজের বৈষম্য সৃষ্টি হয়, সৃষ্টি হতে পারে নানা অর্থনৈতিক দুরাবস্থা ও অসন্তোষ।

হয়েছে, এর রয়েছে একটি আন্তর্জাতিক প্রেক্ষাপট। কাস্টমস এর সেই স্বরূপ হচ্ছে, দেশের সার্বভৌমত্বের প্রতীক এই সংস্থা। ভূ-খণ্ডগত রাষ্ট্রের ধারণা যখন থেকে সৃষ্টি হয়েছে, তখন হতেই কাস্টমস এর সৃষ্টি ও ভূমিকা নানাভাবে সামনে এসেছে। পরিবর্তিত বিশ্বে এর ভূমিকা আরো সুদৃঢ় হয়েছে। একে যুগোপযোগী করতে হলে দরকার লজিস্টিকস ও প্রযুক্তির উদার ব্যবহার। এই প্রয়োজনীয়তা স্বীকৃত হলেও, বাস্তবে এর প্রয়োগ দেখা যায় না বললেই চলে।

জাতীয় রাজস্ব বোর্ডের আইটি প্রোগ্রাম অনেকদিন ধরে চললেও, ফলাফল কী তা বিশ্লেষণ করার সময় এসেছে। এর পেছনে কত টাকার প্রজেক্ট হাতে নেয়া হয়েছিল, কত টাকা কার পেছনে এবং কোন যুক্তিতে খরচ হয়েছে, এর আউটপুট কী তা দেখলে বুঝা যাবে। উদাহরণস্বরূপ, ক্যাম প্রজেক্ট, এসাইকুডা, ইডিএস নামে নানা বাহ্যিক প্রজেক্ট হাতে নিতে দেখা গেছে। খরচ হয়েছে কোটি কোটি টাকা। এসবের অধিকাংশ হয়েছে বিদেশি প্রজেক্টে ও বৈদেশিক লোনে। অনেক ক্ষেত্রে দেশি টাকা সরাসরি খরচ না হলেও, সুদে আসলে এগুলো পরিশোধের প্রশ্ন জড়িত। দেশের জনগণের টাকা হতে এগুলো পরিশোধ করা হবে। এসব প্রজেক্টের ফলাফল ও খরচের রিটার্ন কী তাও মূল্যায়ন করার সময় এসেছে। পূর্ণাঙ্গ স্টাডি না করেও আপাতদৃষ্টিতে বুঝা যায়, অনেক টাকা-পয়সা খরচ হয়েছিল ঠিক, কিন্তু তাতে কাস্টমস প্রশাসন পূর্ণাঙ্গ আইটি-বেজড হয়নি। বর্তমানে এসাইকুডা ওয়ার্ল্ড আইটি খাতে যে শূন্যতা বিরাজ করছে তা হয়তো কিছুটা হলেও পূরণ করতে সক্ষম হবে। এই প্রজেক্টকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বাস্তবায়ন করা ও তা রক্ষণাবেক্ষণ করা যেতে পারে। এতে যেমন ভালো ব্যবসায়ীরা লাভবান হবেন, তেমনি কাস্টমস কর্মকর্তাদের মনিটরিং করা সহজতর হবে।

একই কথা লজিস্টিকস সরবরাহের ব্যাপারেও। একযুগ পার হয়ে গেলেও অনেক দপ্তরের অর্গানোগ্রাম বা টিওএন্ডই অনুমোদন করা নেই। ফলে যেমন বাজেট পাওয়া যায়নি তেমনি এগুলো ক্রয় করা সম্ভব হয়নি। আবার অনুমোদন থাকলেও অনেক ক্ষেত্রে বাজেট চেয়ে একাধিকবার চিঠি ও দেন-দরবার করা হলেও ফল আশানুরূপ হয়নি। কমবেশি সব দপ্তরের অবস্থা এক। বাড়ি ভাড়া থেকে শুরু করে অন্যান্য খাতেও মিলছে না প্রয়োজনীয় অর্থ বরাদ্দ। অথচ, অর্থ বরাদ্দের সময় মনে হয় ব্যক্তিগত খাতে টাকা বরাদ্দ দেয়া হচ্ছে। এখনো কাস্টমস এর অনেক দপ্তর ভাড়া করা বাড়িতে চলছে। ব্যক্তিগত বাড়িতে অফিস থাকায়, সময়মতো বাজেট প্রাপ্তি না পাওয়ায় আবার বাড়িওয়ালাদের চাপ ও অত্যাচার এবং একইসাথে সরকারী দপ্তরের মান ও গাভীর্থ বজায় রাখা যে কঠিন তা বলার অপেক্ষা রাখে না। অথচ পাশাপাশি টাকা ব্যয়কারী প্রতিষ্ঠানের অফিস ঝকঝকা ও পরিপাটি। অথচ, কাস্টমস এর অবকাঠামো খাতের বিনিয়োগ ও রিটার্নের কথা আমলে নেয়া হয় বলে মনে হয় না। অন্য সংস্থায় এটি হয় কী? ঘটা করে এবং দেশের শীর্ষ ব্যক্তিদের উপস্থিত করার মধ্য দিয়ে তাদের এই জাতীয় সমস্যার সহসাই সমাধান করা হয় বলে ধারণা করা যায়। আমাদের এই দিবসে তাদের আমন্ত্রণ ও মিডিয়ায় ব্যাপক প্রচারণার মধ্য দিয়ে এজাতীয় সমস্যা সমাধান করার বিষয়টি আমরা নতুন করে ভাবতে পারি। এই বছর না হলেও আগামী বছর হতে নতুন আঙ্গিকে ও নতুন উদ্দীপনায় করা যায় কী না ভেবে দেখা দরকার। এই পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে কাস্টমস এর গুরুত্ব অনুভূত হওয়া ও করানো আবশ্যিক হয়ে দেখা দিয়েছে। একই সাথে নতুন নতুন বাস্তবতায় খাপ খাওয়ানো ও যুগোপযোগী করার তাগিদ সৃষ্টি ও সে অনুসারে তড়িত ব্যবস্থা নেয়ার আবশ্যিকতা দেখা দিয়েছে।

নতুন প্রেক্ষাপটে ও পরিপ্রেক্ষিতে এই গুরুত্ব অনুধাবনে জাতীয় স্বার্থ যেমন রক্ষিত হবে, তেমনি নিশ্চিত হবে মেধার পরিস্ফুটন। এর মধ্যে এই বিভাগে মেধার লালন ও তা বিকাশের লক্ষণ স্পষ্ট হয়েছে। যে সব মেধাবী ছেলে-মেয়েরা এই সার্ভিসে আসছে, তাতে গর্বিত হওয়ার যথেষ্ট কারণ রয়েছে। ক্যাডারের সংখ্যাও বেড়েছে। সম্প্রতি ৩১তম বিসিএস এ প্রায় ৯৪ জন কর্মকর্তা যোগদান করেছে। তাদের সামনে নিশ্চয়ই অনেক আশা-ভরসা ও স্বপ্ন রয়েছে। একই কথা তার আগের ব্যাচগুলোর জন্যও প্রযোজ্য। কাস্টমস ডিপার্টমেন্ট এখন তরুণদের পদচারণায় মুখরিত। কিন্তু তাদের এই পদচারণা যেন মসৃণ হয়, উজ্জ্বল হয় তা আমাদের নিশ্চিত করা দরকার। তাদের মেধা ও মননশীলতা বর্তমানের ধ্যান-ধারণা ও পরিবর্তিত ভূমিকার সাথে একীভূত করতে হবে। বর্তমানে একটি প্রবণতা লক্ষ্য করা গেছে, অপশন দিয়ে কাস্টমস ত্যাগ করে সচিবালয়ে চলে যাওয়া। বিভিন্ন ব্যাচে যারা

ইতঃমধ্যে গেছেন তারা অত্যন্ত মেধাবী। অবশ্য তাদের অনেকে স্বীকৃতিও পেয়েছেন সরকারের উচ্চ পদে আসীন হওয়ার মধ্য দিয়ে। কিন্তু, এই যে প্রবণতা, এটি কি কাস্টমস্ এর জন্য ভালো? কাস্টমস কেন এই মেধাবীদের ধরে রাখতে পারছে না? সমস্যা কোথায়? কেউ কি ভেবে দেখেছেন? আমরা যদি কাস্টমস এ উপরে উঠার পথ সুগম করতে পারি, মেধার আলো ছড়ানোর সুযোগ নিশ্চিত করতে পারি, তাহলে কী এই মেধার মাইগ্রেশন রোধ করতে পারি না? প্রয়োজন হলে সচিব হয়ে অন্য মন্ত্রণালয়ের দায়িত্ব ও ভূমিকা পালন করার সুযোগ সৃষ্টি করা দরকার। পুলিশ ক্যাডার হতে হর-হামেশাই এর নজির রয়েছে। পররাষ্ট্র ক্যাডারে নিজস্ব সচিব ও সচিব মর্যাদায় একাধিক সচিব রয়েছে। জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখলেও কাস্টমস এর এ জাতীয় উন্নয়ন দেখা যায় না। এটি সবার মুখে মুখে আছে, কিন্তু বাস্তব উদ্যোগ ও ফল নেই।

ক্যাডারে সমঝোতার প্রসঙ্গ

কাস্টমস সার্ভিসে আরেকটি বিষয় আজ বেশ বলা দরকার। আর তা হচ্ছে, নিজেদের মধ্যে পারস্পারিক সমঝোতা বাড়ানো। এখানে সবাই মেধাবী ও সবার একটি পরিচ্ছন্ন জীবন ও স্বপ্ন রয়েছে। নিজের পরিবারে যে সময় আমরা অতিবাহিত করি, তার চেয়ে (চাকরি করার সুবাদে দৈনিক আট ঘণ্টা অফিস করে) বেশি সময় ও চিন্তা ব্যয় করি। এটি একটি বৃহৎ পরিবারের মতোই। এর মধ্যে বিভাজন থাকা যে সম্ভব নয়, তা বলার অপেক্ষা রাখে না। অতীতে আমরা দেখেছি, এই বিভাজনের জালে পা বাড়াতে গিয়ে অনেকে ঝড়ে পড়েছেন। উভয় পক্ষই ক্ষতিগ্রস্ত হয়েছেন। একজন অন্যজনের চেয়ে কম কী! এই জিদ ও কারোর মনে কোন নিহিত ক্ষোভ নিরাপরাধ অন্যজনের উপর ঢালতে গিয়ে আমরা অগোচরেই হয়তো ইনজাস্টিস করে যাচ্ছি। সমঝোতার মাঝে সবচেয়ে বড় যে অন্তরায় তা হচ্ছে ‘পোলারাইজেশন’। এটি বিভিন্ন আঙ্গিকে লক্ষ্য করার মতো। কে কার লোক, কার বাড়ি কোথায়, কার স্বার্থ কে রক্ষা করবে, কে বেশি সং, কে বেশি লিবারেল, কে বেশি উপকারী ইত্যাদি এখন চোখ খুললেই হয়তো দেখবো বা শুনবো। এমনকি জেভার ইস্যু ও কার চেহারা কেমন সে প্রসঙ্গ হয়তো চলে আসে। কোন ক্ষেত্রে দেখা যায় পুরো বাংলাদেশটাকে আবার বৃহৎ ও ক্ষুদ্র অংশে বিভাজন করা হয়েছে কোন কোন চিন্তায়।

এই যে বিভাজন তা কি আমাদের চলার পথকে সুগম করছে? ভবিষ্যৎ কি আরো আলোকিত হচ্ছে? আমাদের চেহারা, ধর্ম, বর্ণ, খাওয়া-দাওয়া, ভাষা, সংস্কৃতি ইত্যাদি বিষয়ে রয়েছে চমৎকার মিল। আমরা একটি ‘হোমোজেনাস’ জাতি। এটি গর্ব করার মতো। অনেক দেশে এটি নেই।^৬ বিদেশে উচ্চতর ডিগ্রি নেয়ার সময় এটি অনুভব করেছি, তারা কীভাবে বৈষম্য করে। প্রায় এই জাতীয় বৈষম্য ‘রেসিস্ট’ হিসেবে চিহ্নিত হয়ে থাকে। যাদের ধর্ম ভিন্ন, বর্ণ ভিন্ন, ভাষা ভিন্ন, অরিজিন ভিন্ন, তারাই কেবল এর শিকার হন বলে জনশ্রুতি আছে। কিন্তু, বাংলাদেশ ছোট্ট একটি দেশ, জনগণের সবাই এক রেসের অন্তর্ভুক্ত। কিন্তু, এর মধ্যেও কার কী অরিজিন ও এলাকার - এই বিভাজন টানাটা কি ক্ষুদ্র মানষিকতার পরিচায়ক নয়? অথচ, পাকিস্তান আমলে আমরা সবাই বাঙালি হিসেবে জেগে উঠেছিলাম, কোন এলাকার প্রতিনিধিত্বকারীর পরিচয়ে নয়। পাকিস্তানীরা যাদেরকে আক্রমণ করেছে, তারাও আমাদের বাঙালি হিসেবে দেখেছে, এলাকাভেদে আক্রমণ হয়েছে বলে মনে হয় না। দেশের জন্য এলাকাভেদে সবারই ভূমিকা সমভাবে স্বীকৃত। আমাদের রয়েছে হাজার বছরের ইতিহাস। সবাই এদেশের উত্তরাধিকার ও অহংকার। তাছাড়া, আমাদের সংবিধানে এরকম বিভাজন এবং এই বিভাজনের ভিত্তিতে কাউকে ট্রিটমেন্ট দেয়া স্বীকৃত নয়।^৭

৬। পাকিস্তান, ভারতসহ অন্যান্য দেশে এই অভিন্নতা নেই।

৭। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর সংবিধানের আর্টিকেল ২৭ এই ধারণাটির সন্নিবেশ করা আছে। এই আর্টিকেল অনুযায়ী, বাংলাদেশের কোন নাগরিকের সমানাধিকারের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। কোন রকম বর্ণ, ধর্ম, জেভার বা অন্যকোন ইস্যুতে কাউকে বঞ্চিত বা ভেদাভেদ করা যাবে না। সুতরাং এই বঞ্চনা বা ভেদাভেদ করার চিন্তা বা কাজে-কর্মে প্রতিফলিত হলে তা সর্বোচ্চ আইন ভঙ্গ হবে তা বলার অপেক্ষা রাখে না।

যখন ‘পোলারাইজেশন’ গুরুত্ব পাবে, তখন দক্ষতা ও কার্যকরিতা দূরে সরে যাবে - এটি স্বাভাবিক। আর স্থান করে নিতে পারে অদক্ষতা ও দুর্নীতি নামের এক দানবের। আজকে যে পরিবর্তিত প্রেক্ষাপটের কথা বলা হচ্ছে তাকে আমলে নিয়ে কাস্টমসকে এগিয়ে নিতে হলে ক্ষুদ্র স্বার্থ ত্যাগ করতে হবে। মেধার যথাযথ লালন করতে হবে। কাস্টমস সরাসরি বিজনেস প্রমোশন ও দেশের অর্থনীতির সহিত জড়িত। এখানে গবেষণধর্মী নানান কাজের সুযোগ রয়েছে। উন্নত বিশ্বে কাস্টমসসহ প্রত্যেকটি ডিপার্টমেন্টে গবেষণা সেল থাকে। গবেষণার দ্বারা প্রাপ্ত ফলাফলের উপর অর্থনীতির সমীকরণ হয়, পলিসি হয়। আমাদের দেশে এটি হতে পারে। কেবল রুটিনমাসিক কাজ করলে, ভবিষ্যৎ চলার পথ সুগম হতে পারে না। স্টেকহোল্ডারগণ যেখানে এগিয়ে যাচ্ছেন, সেখানে আমাদের কোনভাবে পিছিয়ে থাকাটা সঙ্গত হবে না। তাদের ডিমান্ড অনুযায়ী সার্ভিস দিতে হলে আমাদের অনবরত এগুতে হবে। নিজেদের এগিয়ে নিতে হবে, অথবা এগিয়ে নেয়ার সাথে তাল মিলাতে হবে। একই সঙ্গে নিজেদের মধ্যে সমঝোতার বিষয়টি সমানভাবে গুরুত্ব দিতে হবে। এজন্য সর্বস্তরে নির্মোহ, বস্তুনিষ্ঠ ও ব্যবসা বান্ধব প্রশাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে। নানান ফরমাল ও ইনফরমাল অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে নিজেদের মধ্যে। ভাবের আদান-প্রদানের সুযোগ থাকাটা জরুরি হয়ে পড়েছে। স্টেকহোল্ডারগণকেও সম্পৃক্ত করতে হবে নিজেদের শক্তি বাড়াতে। সমাজে আমাদের স্টেকহোল্ডারগণ অত্যন্ত শক্তিশালী। তাদের কাছে পেলে আমাদের শক্তি নিশ্চিতভাবে बहुগুণে বৃদ্ধি পাবে। আগামী দিনগুলোতে এধরনের দিবসে দেশের শীর্ষ নির্বাহীদের উপস্থিতি করার বাসনা থাকা উচিত এবং তাদের বোঝাতে হবে আমাদের গুরুত্ব। পাশাপাশি আমাদের প্রাতিষ্ঠানিক সমস্যা দূর করতে তাদের পরামর্শ, সহযোগিতা ও ক্ষেত্রমতে হস্তক্ষেপ কামনা করা যেতে পারে। তাহলে হয়তো দেখা যাবে, কাস্টমস এর সামাজিক মর্যাদা ও এগিয়ে চলাটা কোথাও থেমে থাকবে না।

- এটি ২০১৩ সালে কাস্টমস দিবসে প্রকাশিত লেখার সংস্করণ

ইন্টারন্যাশনাল কাস্টমস ডে-তে কাস্টমস বিভাগ নিয়ে কিছু ভাবনা

ড. মোহাম্মদ আবু ইউছুফ

সিনিয়র ফেলো (উপ-সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)
বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট, কাওরান বাজার, ঢাকা

কাস্টমস বিভাগ যে কোনো দেশের জাতীয় নিরাপত্তা বিধানে, দেশ পরিচালনার জন্য প্রয়োজনীয় রাজস্ব সংগ্রহে এবং বৈদেশিক বাণিজ্য সহজীকরণে বিশেষ ভূমিকা রাখে। বাংলাদেশ কাস্টমস এসকল গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পাদনের পাশাপাশি চোরাচালান প্রতিরোধে বিশেষ ভূমিকা পালন করে। সাম্প্রতিক সময়ে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক স্বর্ণ, বৈদেশিক মুদ্রা, সিগারেট, মদ, গুন্ডু ও মাদকদ্রব্যের বড় বড় চালান আটক তার প্রমাণ।

স্বাধীনতার পর বাংলাদেশ কাস্টমস অতি স্বল্পপরিসরে কার্যক্রম শুরু করলেও সময়ের পরিক্রমায় এর লোকবল, কর্মপরিধি ও গুরুত্ব বহুগুণ বেড়েছে। আমি যখন ১৯৯৫ সনে এ বিভাগে যোগদান করি, তখন কাস্টমস ও এক্সাইজ ক্যাডারের পদসংখ্যা ছিল ১২১ কিংবা তার কাছাকাছি। কাজের পরিধি, করদাতার সংখ্যা ও ইউনিট এবং রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূর্বের তুলনায় ব্যাপক ভাবে বৃদ্ধি পাওয়ায় ক্যাডারের জনবল বাড়ানোর প্রয়োজন হয়েছে।

১৯৭২-৭৩ সালে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আদায়ের পরিমাণ ছিল ১৬৬.৩০ কোটি টাকা যা ২০১১-১২ তে ৯৫০৫৮.৯৯ কোটি টাকায় উন্নীত হয়েছে। অভ্যন্তরীণ রাজস্ব আদায়ের মাধ্যমে দেশের বৈদেশিক সাহায্য নির্ভরতা আজ অনেকাংশে হ্রাস পেয়েছে। এজন্য জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ন্ত্রণাধীন Customs & VAT এবং Income Tax বিভাগ বিশেষ কৃতিত্বের দাবিদার। রাজস্ব আদায় ছাড়াও দেশীয় শিল্পের সুরক্ষা ও বিকাশ, বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধি, এবং ট্রেড ফ্যাসিলিটেশনে NBR এর বিশেষ ভূমিকার কারণে প্রতিষ্ঠানটি সাম্প্রতিককালে বাংলাদেশের সরকারি বিভাগগুলোর মধ্যে বিশেষ মর্যাদা পেয়েছে। গণমাধ্যমেও এর ভূমিকা গুরুত্ব সহকারে আলোচিত হয়। NBR এর ক্রমবর্ধমান পরিচিতি ও অবদানের স্বীকৃতির পাশাপাশি এর মর্যাদা ও ক্ষমতা খর্ব করার প্রচেষ্টাও কখনো কখনো লক্ষ্য করা গেছে। একবার শোনা গিয়েছিল NBR এর Policy wing গুলোর কার্যক্রম NBR হতে অন্যত্র ন্যস্ত করা হবে। এ ভাবনা/উদ্যোগ সাময়িকভাবে বন্ধ আছে বলে মনে করি। তবে এর পিছনের শক্তি বোধকরি এখনো ক্রিয়াশীল আছে। সাম্প্রতিক সময়ে কাস্টমস/NBR এর বাহিরে কাজ করার সুবাদে লক্ষ্য করছি যে ট্যারিফ পলিসি (Tariff Policy setting) প্রণয়নের কাজটিতে NBR এর একক কর্তৃত্ব হ্রাস কিংবা অন্য দপ্তরের আওতায় নেয়ার পক্ষে প্রস্তাব দেয়া হচ্ছে। যুক্তি হিসেবে বলা হচ্ছে যে Tariff setting এর ক্ষেত্রে NBR দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের পরিবর্তে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন করার বিষয়টি মুখ্য বিবেচনায় রাখে। বিশ্বব্যাংকের অর্থায়নে চলমান Diagnostic Trade Integration Strategy (DTIS) বিষয়ক Study-তে এবং Comprehensive Trade Policy (CTP)-তে (যা রচিত হচ্ছে) এরূপ সুপারিশ অন্তর্ভুক্ত হওয়ার সমূহ সম্ভাবনা দেখা যাচ্ছে। বলা হয় Tariff Policy প্রণয়নের কাজ কার্যপ্রণালী বিধি (Rules of Business) অনুযায়ী NBR এর নয়, অথচ NBR এ কাজে প্রধান ভূমিকা পালন করছে। বলাবাহুল্য NBR-এ কাজটিতে (ট্যারিফ নির্ধারণে) দীর্ঘদিনের অভিজ্ঞতায় ইতোমধ্যে যথেষ্ট দক্ষতা অর্জন করেছে। তবে Tariff Policy-তে আমদানি শুল্ক ও অন্যান্য শুল্ককরাদি হ্রাস-বৃদ্ধির প্রভাবে দেশের শিল্পায়ন, বিনিয়োগ, কর্মসংস্থান, কর্মসম্পূর্ণতা এবং মূল্যস্ফীতিতে কী ধরনের প্রভাব পড়বে সে বিষয়ে NBR-এর আরো গবেষণা সক্ষমতার প্রয়োজন। এতদ্ব্যতীত বিশ্বায়নের এই যুগে আঞ্চলিক বাণিজ্য চুক্তি, দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি ও বিশ্ব বাণিজ্য সংস্থাধীন (WTO) বহুপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ এর ক্ষেত্রে কাস্টমস বিভাগ এর বিশেষ ভূমিকা পালনের সুযোগ সৃষ্টি হয়েছে। বিশ্ব বাণিজ্য সংস্থা তথা WTO এর নবম মন্ত্রী পর্যায়ের (বালি) সম্মেলনে (ডিসেম্বর ২০১৩) Agreement on Trade Facilitation চূড়ান্ত হয়েছে।

Trade facilitation চুক্তি বাস্তবায়নে NBR/Customs Department-কে নেতৃত্ব দিতে হবে। পাশাপাশি World Customs Organization (WCO)-এর সদস্য হিসেবে শুল্ক ব্যবস্থাপনার আধুনিকায়ন, বাণিজ্য সহজীকরণ, বুল্কি ব্যবস্থাপনা, রাজস্ব সুরক্ষা, রাষ্ট্রীয় নিরাপত্তা এবং বহিঃবাণিজ্য প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধিকল্পে Customs Department এবং NBR এর সক্ষমতা বৃদ্ধি ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নরূপ প্রস্তাব রাখছি:

- Tariff policy প্রণয়নের কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ড যাতে আরো সূচারূপে ও দক্ষতার সাথে সম্পাদন করতে পারে সে জন্য Customs Policy wing এর সক্ষমতা বৃদ্ধির জন্য আলাদা গবেষণা সেল সৃষ্টির বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করা যেতে পারে। এ সেলে কাস্টমস ও ভ্যাট ক্যাডারের কর্মকর্তা ছাড়াও আকর্ষণীয় বেতন ভাতায় বেসরকারী খাত/ গবেষণাসংস্থা/ বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতিবিদ/Tariff policy expert এর সেবা গ্রহণ করা যেতে পারে। উক্ত expert ট্যারিফ কার্ণামোতে পরিবর্তনের প্রভাব (Impact) অর্থনীতিতে কী হতে পারে সে বিষয়ে মতামত দিতে পারেন। Tariff Policy Formulation এর কাজটি যাতে অর্থ মন্ত্রণালয়ের অধীনে NBR-এর নেতৃত্বে আরো দক্ষতার সাথে করা যায় সে বিষয়ে সজাগ থাকতে হবে।
- WTO, Regional Trade Agreement, Preferential Trade & Investment Agreement সম্পাদনের ক্ষেত্রে NBR-এর কাস্টমস উইং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এছাড়া WCO-এর যাবতীয় কর্মকাণ্ডে NBR-এর আরো অধিক ও কার্যকর অংশগ্রহণ ও Input প্রদান জরুরি প্রয়োজন। এজন্য NBR-এর Customs wing এ “International Trade, WTO এবং WCO” বিষয়ক কার্যক্রম নিবিড়ভাবে তত্ত্বাবধানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে একজন পূর্ণকালীন সদস্য (Member) পদস্থ করার বিষয়টি বিবেচনার প্রস্তাব করছি। উক্ত সদস্য মহোদয়ের অধীনে ২ জন প্রথম সচিব (1st Sec WTO/Trade+1st Sec WCO) এবং ২/৩ জন দ্বিতীয় সচিব পদস্থ করার প্রস্তাব করছি। এটি করা হলে এবং প্রয়োজনীয় প্রচেষ্টা থাকলে আন্তর্জাতিক বাণিজ্যে NBR-এ বিশেষ দক্ষতা সৃষ্টি হবে। ফলে NBR-এর কর্মকর্তাগণ WCO-এর সকল কার্যক্রমে আরো নিয়মিত ও অর্থবহ অংশগ্রহণ করতে পারবে। উদাহরণস্বরূপ বলা যায় WCO-এর H.S. (Dispute Settlement) কমিটিতে এখনো বাংলাদেশ Customs-এর কার্যকর/নিয়মিত অংশগ্রহণ প্রায় নেই বললেই চলে। বাণিজ্য মন্ত্রণালয়ের সকল Trade negotiation এবং Delegation এ (যাতে NBR-এর Input প্রয়োজন) NBR-এর শুল্ক Wing এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণের প্রয়োজনীয়তা এবং অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয়/যোগাযোগ রাখা যেতে পারে। এছাড়া NBR-এ একটি Dedicated Intellectual Property Rights (IPR) Unit গঠন করা প্রয়োজন। এই ইউনিট সীমান্ত/কাস্টমস পয়েন্টে IPR enforcement জোরদারকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।
- কাস্টমস বিভাগের সক্ষমতা বৃদ্ধির জন্য Customs Academy-র প্রশিক্ষণ কর্মসূচীতে WTO-এর মৌলিক বিষয়সমূহ এবং আন্তর্জাতিক বাণিজ্য/আঞ্চলিক ও দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির (RTA & PTA) গুরুত্বপূর্ণ বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারে। এতদ্ব্যতীত, Trade Facilitation (TF), Risk Management, Customs Intelligence, Innovative/new ways of commercial fraud, Preferential Rules of Origin, WCO Conventions, IPR Border Enforcement, Post Clearance Audit ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রতি ৬ মাসে ১টি করে বছরে অন্ততঃ ২টি Seminar আয়োজন করার প্রস্তাব করছি।
- অন্যান্য গুরুত্বপূর্ণ এবং সংশ্লিষ্ট বিভাগ যেমন: Bangladesh Military Academy (BMA), NAVY, Narcotics ও Police ইত্যাদি বিভাগের সাথে সমন্বয়/সহযোগিতা বাড়ানোর মাধ্যমে বিভাগের ভাবমূর্তি ও Visibility আরো বাড়ানো সম্ভব এবং এতে করে ক্যাডার কর্মকর্তাদের আত্মবিশ্বাস, উদ্দীপনা এবং সামাজিক যোগাযোগ বাড়বে। এরূপ সামাজিক নেটওয়ার্ক পরবর্তী কালে দাপ্তরিক কাজের চ্যালেঞ্জ

উত্তরণে সহায়ক হবে। গত ২০১৩ সালে কাস্টমস্ একাডেমির মহা পরিচালক জনাব মো: আনোয়ার হোসাইন এর বিশেষ উদ্যোগে কাস্টমস্ এর ক্যাডার কর্মকর্তাদের BMA-তে প্রশিক্ষণের যে সুযোগ সৃষ্টি হয়েছে, যা বিশেষ প্রশংসার যোগ্য এবং ইহা চলমান রাখা প্রয়োজন।

- বিশ্বায়নের যুগে বিদেশি ভাষা বিশেষ করে ইংরেজি ভাষার দক্ষতা একান্ত প্রয়োজন। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে একটি বিশেষ ক্যাডার তাদের কর্মকর্তাদের জন্য ৩/৪ সপ্তাহ মেয়াদী ইংরেজি প্রশিক্ষণ কোর্স চালু করেছে। বিষয়টি NBR ও Customs Academy ভেবে দেখবে বলে বিনীত অনুরোধ রাখছি। এক্ষেত্রে আমন্ত্রিত প্রশিক্ষকদের ভাতা প্রদানের জন্য আলাদা বাজেট বরাদ্দ প্রাপ্তির জন্য প্রচেষ্টার প্রয়োজন হবে।
- কাস্টমস্ বিভাগকে পুরোপুরি কম্পিউটারাইজড ও ন্যাশনওয়াইড কানেকটিভিটির আওতায় আনা জরুরি।
- কাস্টমস্ একাডেমিতে হাতে কলমে H.S. C lassification বিষয়ে জ্ঞানঅর্জনের সুবিধার্থে Classification Infrastructure/Customs Laboratory প্রয়োজন। জাপানের CCL-এর আদলে তা করা যেতে পারে। এটি স্থাপনে WCO Customs Laboratory Guide অনুসরণ করা বাঞ্ছনীয় হবে। Customs Laboratory স্থাপন বা তার আধুনিকায়নে WCO প্রয়োজনীয় কারিগরি সহায়তা (Technical Assistance) ও প্রশিক্ষণ দিয়ে থাকে। এতে কর্মকর্তাদের Classification ability বাড়বে ও পণ্যের Chemical Analysis সহজ হবে।
- রাজস্ব বিভাগের জন্য নিজস্ব রাজস্ব ভবন স্থাপন প্রয়োজন। এতে করে কর্মকর্তাদের জন্য আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন অফিস স্পেস, বাজেট পূর্ব পরামর্শ সভার জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধাসম্পন্ন ও পর্যাপ্ত আসন সংখ্যা সম্বলিত সভা কক্ষ, Double Taxation Avoidance Agreement, Mutual Customs Assistance Agreement, বাংলাদেশ-ভারত জয়েন্ট গ্রুপ অব কাস্টমস্ এর মিটিং ইত্যাদি সম্পাদনের জন্য আলাদা চুক্তি সম্পাদন কক্ষ/Meeting Room, লাইব্রেরী, ক্যান্টিন, আলাদা সেমিনার রুম, ICT-র জন্য Dedicated Room to house server ইত্যাদির সুবিধা সৃষ্টি করা সম্ভব হবে। উল্লেখ্য অতি স্বল্প সময়ের মধ্যে Civil Service College আগারগাঁওয়ে নিজস্ব ভবনে কাজ শুরু করেছে। উল্লিখিত সুযোগ-সুবিধা সৃষ্টির জন্য আগারগাঁওয়ে নির্মিতব্য রাজস্ব ভবন নির্মাণ সম্পন্ন করার জন্যে অধিকতর উদ্যোগ ও একটি “বাস্তবায়ন কমিটি” গঠন প্রয়োজন বলে মনে হয়।

কাস্টমস্ ক্যাডার এর জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টি এবং এর Capacity building এর মাধ্যমে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে আরো অধিক ভূমিকা পালন নিশ্চিতকরণে প্রদত্ত প্রস্তাবসমূহ কাস্টমস্ ও ভ্যাট এ্যাসোসিয়েশন এবং জাতীয় রাজস্ব বোর্ড সদয় বিবেচনা করবে আশা করি।

স্বর্ণ চোরাচালান প্রতিরোধে বাংলাদেশ কাস্টমস-এর সাম্প্রতিক সাফল্য

মুহম্মদ জাকির হোসেন

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

বাংলাদেশ কাস্টমস সরকারি রাজস্ব আহরণের পাশাপাশি চোরাচালান প্রতিরোধেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। রাজস্ব আহরণে বাংলাদেশ কাস্টমস সবসময় অগ্রণী ভূমিকা পালন করলেও চোরাচালান প্রতিরোধে তার গৃহীত কার্যক্রম জনসাধারণের গোচরীভূত কমই হয়েছে। তবে অবস্থার পরিবর্তন হয়েছে। সাম্প্রতিক সময়ে কাস্টমসের চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের ব্যাপক সাফল্যের প্রেক্ষিতে তা বিভিন্ন মিডিয়ায় গুরুত্বসহকারে প্রকাশিত ও প্রচারিত হয়েছে। ফলে এ বিষয়ে জনসাধারণের আগ্রহও বৃদ্ধি পেয়েছে।

বিগত ছয় মাসের তিনটি দপ্তরের শুধু স্বর্ণ চোরাচালানের তথ্য এখানে পর্যালোচনা করা হয়েছে। দপ্তরগুলো হলো ঢাকা কাস্টম হাউস, চট্টগ্রাম কাস্টম হাউস ও কাস্টমস ইন্টেলিজেন্স। মূলত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এবং শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এ উদঘাটিত স্বর্ণ চোরাচালানের ঘটনাগুলো এখানে স্থান পেয়েছে। এখানে বর্ণিত চোরাচালান উদঘাটনের ঘটনার বাইরেও কোনো কোনো ঘটনা থেকে যেতে পারে।

চলতি অর্থবছরের প্রথম ৬ মাসে ২ টি আন্তর্জাতিক বিমান বন্দরে ছোট বড় মিলিয়ে মোট ২৪০ টি চোরাচালানের ঘটনা উদঘাটিত হয়েছে। তার মধ্যে ২০৭ টি ঘটনাই স্বর্ণ চোরাচালানের অর্থাৎ সংখ্যার বিচারে মোট চোরাচালানের ৮৬ শতাংশই ঘটে স্বর্ণ চোরাচালান। ২৪০টি চোরাচালানে আটককৃত পণ্যের মূল্য ২৬৩ কোটি ৩৮ লক্ষ টাকা যার মধ্যে স্বর্ণ চোরাচালানের মূল্য ২৫১ কোটি ৪০ লক্ষ টাকা। টাকার অংকে স্বর্ণ চোরাচালানের মূল্য মোট চোরাচালান মূল্যের শতকরা ৯৫ ভাগেরও বেশি।

সারণি: শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ও শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এ আটককৃত স্বর্ণ চোরাচালানের বিবরণী-

মাস	মোট আটকের ঘটনা (সংখ্যা)	স্বর্ণ আটকের ঘটনা (সংখ্যা)	আটককৃত সকল চালানের মোট মূল্য (টাকা)	আটককৃত স্বর্ণ চালানের মোট মূল্য (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
জুলাই, ২০১৩	২৮	২০	৮৯,৩৫,৫৬,৩৬১/-	৮১,৪২,৮৯,৩৫১/-
আগস্ট, ২০১৩	৪০	৩৩	২৭,০১,৩৭,৬৮০/-	২৬,০৩,৬৫,৬৮০/-
সেপ্টেম্বর, ২০১৩	১৭	১৩	১২,৯৪,২৮,০০০/-	১২,৭৮,৬০,০০০/-
অক্টোবর, ২০১৩	১৮	১৭	৩৬,৭৯,৮৪,৪৫৬/-	৩৬,৬২,২৭,১৪৪/-
নভেম্বর, ২০১৩	৭১	৫৮	৬২,১৩,৭১,২৯০/-	৫৯,৩৯,৮১,০৪০/-
ডিসেম্বর, ২০১৩	৬৬	৬৬	৩৫,১৩,৩৭,৬০০/-	৩৫,১৩,৩৭,৬০০/-
৬ মাসের সর্বমোট	২৪০	২০৭	২৬৩,৩৮,১৫,৩৮৭/-	২৫১,৪০,৬০,৮১৫/-

(উৎস: ঢাকা কাস্টম হাউস, চট্টগ্রাম কাস্টম হাউস ও কাস্টমস ইন্টেলিজেন্স-এর সংশ্লিষ্ট মাসের আটক বিবরণী)

স্বর্ণ চোরাচালানের বাহকরা অভিনব কায়দা অনুসরণ করে থাকে। তারা সবসময় নতুন কায়দা আবিষ্কার করে। কখনো তারা তাদের দেহকে বাহন হিসেবে ব্যবহার করে আবার কখনো কোনো পণ্যকে আধার বানায়। এ লেখার সাথে প্রকাশিত ছবিগুলোই তার প্রমাণ বহন করে।



ব্যান্ডেজের মধ্যে স্বর্ণ



আটককৃত স্বর্ণ বার



কম্পিউটার হার্ডডিস্কের চালান



কম্পিউটার হার্ডডিস্ক চালানোর স্ক্যান রিপোর্ট



স্ক্যান রিপোর্টের ভিত্তিতে হার্ডডিস্ক কাটার দৃশ্য



কম্পিউটার হার্ডডিস্কের মধ্যে স্বর্ণের বার



আটককৃত স্বর্ণ বার



ইলেকট্রনিক আইটেমের মাধ্যমে স্বর্ণ



মাল্টিমিডিয়া প্রজেক্টর



মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে স্বর্ণ বার



সাবানের মধ্যে স্বর্ণের অলংকার



সাবানের মধ্যে স্বর্ণের অলংকার



টেলিভিশনের ভিতরে স্বর্ণ ও মোবাইল সেটপ



গ্যাকেটজাত খাদ্যদ্রব্যের মধ্যে স্বর্ণ বার



ইলেকট্রনিক দ্রব্যের মধ্যে স্বর্ণ বার



আটককৃত স্বর্ণ বার ও মোবাইল স্টেট



লাগেগেজের মধ্যে মোবাইল স্টেট ও স্বর্ণ বার



হাড ব্যাগেগেজ স্বর্ণ বার

স্বর্ণ চোরাচালানের সাথে আন্তর্জাতিকভাবে শক্তিশালী একাধিক চক্র জড়িত থাকার কথা সবার জানা। তাদের এক বা একাধিক চক্র বাংলাদেশেও সক্রিয় বলে প্রতীয়মান হয়। এ চক্রের কর্তা ব্যক্তিরা কখনো ধরা পড়ে না। যারা ধরা পড়ে তারা সাধারণত চোরাচালানের বাহক। ফলে বিপুল সংখ্যক চালান ধরা পড়লেও চোরাচালান বন্ধ হয় না। কিছু কিছু ক্ষেত্রে উড়োজাহাজের কর্মকর্তা কর্মচারীরা সরাসরি চোরাচালানের সাথে জড়িয়ে যায়। একাধিক ঘটনায় উড়োজাহাজের বডির কাঠামোর ভিতর হতে স্বর্ণ আটক করা হয়েছে। কোনো যাত্রীর পক্ষে উড়োজাহাজের নিজস্ব লোকের সহায়তা ব্যতীত তার বডির ভিতর স্বর্ণের চালান রাখা সম্ভব নয়। বিষয়গুলো কাস্টমস তদন্ত করে দেখছে। তদন্ত প্রক্রিয়া শেষ হলে প্রকৃত দায়ীদের আটক ও বিচারের সম্মুখীন করা যাবে বলে আশা করা যায়।

বাংলাদেশ কাস্টমস বিগত ৬ মাসে চোরাচালান, বিশেষত স্বর্ণ চোরাচালান প্রতিরোধে অসামান্য সাফল্য দেখিয়েছে। এ সাফল্যকে আরো কার্যকর করার লক্ষ্যে তদন্ত কার্যক্রম সাফল্যের সাথে শেষ করে চোরাচালানের প্রকৃত হোতাদের ধরতে হবে। একই সাথে সকল দপ্তরে অভিন্ন ফরমেটে রিপোর্টিং চালু করতে হবে। চোরা চালান প্রতিরোধের প্রতিটি ঘটনাই অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তারা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেন। তাদের কাজের সঠিক প্রচার করা দরকার। প্রতিটি ঘটনার পর সংগঠিতভাবে সুনির্দিষ্ট তথ্যসহ সাংবাদিকদের ব্রিফিং করা উচিত। একই সাথে প্রতিটি ঘটনা নিজস্ব ব্যবস্থাপনায়ও প্রচার করা প্রয়োজন। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটেও প্রতিটি ঘটনা প্রচার করা যায়। পৃথিবীর প্রায় সকল কাস্টমস প্রশাসনেরই নিজস্ব বুলেটিন প্রকাশিত হয়। বাংলাদেশ কাস্টমস অন্য অনেক কিছু মতো এখানেও পিছিয়ে আছে। নিজেদের ঝুঁকিপূর্ণ কাজের প্রচারের জন্য একটি বুলেটিন প্রকাশ করা সময়ের দাবি। আশা করি, বাংলাদেশ কাস্টমস বিগত ৬ মাসের চোরাচালান বিরোধী অভিযানে অর্জিত গৌরবোজ্জ্বল সাফল্যের মতো অন্য সকল ক্ষেত্রে সফল হবে।

এয়ারপোর্ট কাস্টমস : প্রাসঙ্গিক ভাবনা

অরুণ কুমার বিশ্বাস

যুগ্ম কমিশনার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ঢাকা (দক্ষিণ)

বলা হয়ে থাকে, কাস্টমস পয়েন্ট অ্যাট দ্য এয়ারপোর্ট ইজ দ্য গেটওয়ে অফ আ কান্ট্রি। আরেকটু সাহসী হলে বলা যায়, একটি দেশে বিদেশি পর্যটকদের অবস্থান কতটা উষ্ণ ও উপভোগ্য হবে তার প্রাথমিক পরিচয় মেলে ধরে সেই দেশের এয়ারপোর্ট কাস্টমস। অর্থাৎ বিমানবন্দরে দায়িত্ব পালনকালে কাস্টমস কর্মকর্তাদের দক্ষতা ও পেশাদারি মনোভাব বিশেষ গুরুত্বপূর্ণ। এ নিবন্ধে আমি মূলত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পদস্থ থাকার সময়টুকু বিবেচনায় নিয়ে কিছু অভিজ্ঞতা ও অনুভূতি তুলে ধরার চেষ্টা করবো।

পুরোটা হয়তো শ্রেফ নৈর্ব্যক্তিক মনোভঙ্গিতে উপস্থাপন সম্ভব নয়, কারণ প্রত্যাশা ও বাস্তবতার মাঝে বরাবরই বিস্তর ফারাক পরিলক্ষিত হয়। তবে এটুকু অন্তত বলা যায়, কাস্টমস এন্ড এক্সাইজ ক্যাডারে যোগ দিয়ে বিমানবন্দরে কাজ করতে না পারা কেবল দুর্ভাগ্যই নয়, বরং এ বিভাগের প্রকৃত স্বাদ ও চ্যালেঞ্জ থেকেও বঞ্চিত হওয়া। দীর্ঘ সাত মাসাধিক কাল ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে দায়িত্বপালনের মাধ্যমে নিজেকে যেমন ঋদ্ধ করতে পেরেছি, তেমনি বিচিত্র সব অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়েছে পেশার বুলি।

আইয়াটা কোড অনুযায়ী বিমানবন্দর এলাকায় কাস্টমস সদস্যদের মূল কাজ কিন্তু রাজস্ব আদায় নয়, বরং সর্বোত্তম যাত্রীসেবা নিশ্চিত করেও জাতীয় নিরাপত্তায় বিশেষভাবে মনোনিবেশ করা। দ্য কাস্টমস অ্যাক্ট ১৯৬৯ এর ধারা ২(এস) অনুযায়ী চোরাচালান ও অন্তর্গতমূলক কার্যক্রম নিরোধ কল্পে কাস্টমস কর্তাদের সদা সতর্ক থাকতে হয়। প্রচলিত বিধি মোতাবেক বিমানবন্দরে গ্রিন ও রেড চ্যানেল নামে বহিরাগত যাত্রীদের জন্য দুটো চ্যানেলের বিধান থাকলেও বাস্তবে ঢাকা বিমানবন্দরে চ্যানেল রয়েছে একটি। অনেকটা 'যাহা বায়ান্ন তাহাই তিপ্পান্ন'র মতো রেড ও গ্রিনচ্যানেল বলে আলাদা কিছু নেই। সবেধন নীলমণি একখানা চ্যানেলের দুধারে যাত্রী ও বিভিন্ন এজেন্সি সদস্যদের গুঁতোগুঁতি চোখে পড়ার মতো।

একসাথে গোটাদেশকে ফ্লাইট ল্যান্ড করলে তো কথাই নেই। এদের মালসামানা সামাল দিতে কাস্টমস কর্তাদের যেমন গলদঘর্ম অবস্থা, তা দেখে নিতান্ত নিষ্ঠুরতম ব্যক্তিটির মনেও খানিক করুণার সঞ্চার হবে বৈকি। মানে আমি বলতে চাইছি, দেশ যতই উন্নয়নের সমুদ্রে ভাসুক বা ডিজিটালের বন্যায় হাবুডুবু খাক, ঢাকা বিমানবন্দরের কাস্টমস কর্মকর্তাদের সংখ্যায় খুব একটা হেরফের হয় নি। বরং প্রতি শিফটে হরদরে এখনও সেই জনাপনের মাইক মানে এআরও, দুজন আরও, এবং হালে একজনের বদলে দুজন সহকারী কমিশনার পদস্থ হয়েছেন।

আমার অভিজ্ঞতা থেকে বলি, এয়ারপোর্ট চত্বরে কাউকে পদস্থ করার আগে তার শারীরিক ও মানসিক উৎকর্ষ, স্ট্রেস নেবার সক্ষমতা ও সেবামূলক মানসিকতার পরীক্ষা নেয়া বাঞ্ছনীয়। ঢাকা যেহেতু আন্তর্জাতিক বিমানবন্দর, সে কারণে অফিসারদের ইংরেজি ভাষায় পারদর্শিতা থাকা উচিত। কিন্তু মজার ব্যাপার হল, বাস্তবে এয়ারপোর্টে যারা পদস্থ হন তারা শারীরিকভাবে অশক্ত, মানসিকভাবে কিছুটা দুর্বল এবং এদের অনেকেরই তদবিরের জোর খুব পোক্ত নয় বলেই নাকি এরা এয়ারপোর্টে পদস্থ হয়ে থাকেন। সাতমাসে আমি এর কিছুটা হলেও সত্যতা খুঁজে পেয়েছি। কারণ ডিপারচার গেটে রাউন্ড দেবার সময়, বিশেষত একটু রাতের দিকে প্লাইই আমি আমাদের কর্মকর্তাদের পরমানন্দে ঘুমে ঢুলতে দেখতাম। এর কারণ দুটো- প্রথমত, এরা জানে না সিকিউরিটি চেকের সময় তাদের প্রকৃত কাজ কী, এবং কেন তা গুরুত্বপূর্ণ। অর্থাৎ তাদের প্রশিক্ষণ দেয়া হয় নি বিধায় তারা তাদের কাজের তাৎপর্যের বিষয়ে সম্যক ওয়াকিবহাল নয়।

দ্বিতীয়ত, এদের অনেকেই বারবার এয়ারপোর্টে পদস্থ হবার কারণে কাজের প্রতি এক ধরনের একঘেয়েমি ও অনীহা বোধ করে। বয়সের ভারে ন্যূনতম এসকল কর্মকর্তাদের দ্বারা আর যাই হোক প্রকৃত যাত্রীসেবা সম্ভব নয়। আমি অবশ্য রাতের ডিউটিতে অফিসারদেরকে দুইপ্রস্থ কফিপানের নিয়ম চালু করে এদের আলস্য ও অনীহা দূরীভূত করার কিশ্বিত প্রয়াস পেয়েছিলাম। এতে তাদের ঘুমের আয়েস না কাটলেও কিছুটা হলেও কাজের প্রতি আন্তরিকতা তৈরি হয়েছিল।

‘কাস্টমস লাউঞ্জ’ বলে একটা কথা প্রচলিত আছে। আইয়াটা কোড অনুযায়ী কাস্টমস এরিয়ায় বিদেশাগত যাত্রী ও কাস্টমস কর্মকর্তা ব্যতীত অন্য কারো প্রবেশের কথা নয়। অথচ ঢাকা এয়ারপোর্টে এই এলাকায় কাস্টমস কর্মকর্তারাই সংখ্যালঘু হিসেবে বিবেচিত। অন্যান্য এজেন্সি তাদের চার্টার অফ ডিউটিজ ভুলে কাস্টমস লাউঞ্জে অকারণ রাউন্ড দিতে বিশেষ আগ্রহী। ফলে যাত্রীহেনস্থা যেমন হয়ে থাকে, তেমনি কাস্টমস কর্মকর্তারা তাদের উপর অপিত দায়িত্ব পালনে যথাযথ উদ্যোগী হতে বাধাপ্রাপ্ত হয়।

এক্ষেত্রে অবশ্য কেউ কেউ কাস্টমস কর্মকর্তাদের নৈতিক স্থলন নিয়ে প্রশ্ন তুলে থাকেন। তা চাইলে কেউ তুলতেই পারেন। কিন্তু প্রশ্ন হল, বিড়াল ইঁদুর মারে না বলে কি ইঁদুর মারার জন্য জার্মান শেফার্ড বা অ্যালসেশিয়ান কিনে আনবেন! সবচেয়ে বড় কথা, আমাদের কর্মকর্তারা শ্রেফ মাসমাহিনার জন্য চাকরি করে না, কাজের মাঝে আনন্দ ও কিছুটা হলেও সেলফ অ্যাকচুয়ালাইজেশন বা পরিতৃপ্তির প্রত্যাশা করতেই পারেন। এয়ারপোর্ট কাস্টমসকে ‘এনারজাইজ’ করতে হলে অবশ্যই বাতানুকূল ‘শুঙ্ক-পরিবেশ’ নিশ্চিত করতে হবে। বিভিন্ন এজেন্সির মাঝে সুষ্ঠু মিথস্ক্রিয়া ঘটিয়ে পারস্পরিক প্রতিযোগিতার বদলে পরিপূরকের মানসিকতা গড়ে তুলতে হবে। প্রসঙ্গত, এ গুরুদায়িত্বটি কাস্টমস হাউসের শিরোমণিকেই নিতে হয়, কেননা তিনি পদাধিকার বলে পুরো টিমের সুমহান নেতা। তিনি তার অধস্তনের নৈতিক শক্তি অটুট রাখার জন্য সবসময় পাশে থাকবেন। দায়মুক্তি না হোক, অন্তত আত্মপক্ষ সমর্থনের সুযোগ যেন তারা পায় এটুকু নিশ্চিত হলে কর্মকর্তাদের কর্মস্পৃহা বৃদ্ধি পাবে, একথা নিঃসন্দেহে বলা যায়।

এবার আসা যাক কর্মঘণ্টা প্রসঙ্গে। প্রতিটি শিফট দীর্ঘ বারো ঘণ্টা ধরে একনাগাড়ে দায়িত্ব পালন করছে। এমন নয় যে এই সময়টা তারা শুয়েবসে কাটান। বরং ফ্লাইট নামার সাথে সাথে তাদের নব উদ্যমে কাজ শুরু করতে হয়। না থেমে দীর্ঘ বারো ঘণ্টা কাজ করা একদিকে যেমন আন্তর্জাতিক শ্রম সংস্থার নীতি পরিপন্থী, তেমনি আবার জীবনঘনিষ্ঠও নয়। যে সকল কর্মকর্তা গ্রিন ও রেড চ্যানেলে দায়িত্বপালন করেন তাদেরকে বেশিরভাগ সময় দাঁড়িয়ে থাকতে হয়। মাইক ফোরটিন বা লিডার অফ দ্য পোর্টকে প্রায় সারাক্ষণই ছোট্টাছুটি করতে হয়। আমি মনে করি, বারোঘণ্টা পরিবর্তে আটঘণ্টা কাজের সময় নির্ধারণ করলে কাজের মান ও পেশাদারিত্ব বহুলাংশে বৃদ্ধি পাবে।

একটি বিষয় মজার হলেও সত্যি, অনেকে মনে করেন এয়ারপোর্ট মানেই কাস্টমস। যেন যত দোষ নন্দঘোষ! কোন যাত্রী ইমিগ্রেশনজনিত ঝামেলায় বিমানে উঠতে না পারলেও কাস্টমসকেই দায়ি করা হয়। পাবলিক পারসেপশন এমন যে, তামাম এয়ারপোর্টের একচ্ছত্র অধিপতি কাস্টমস বিভাগ। অন্তত নেতিবাচক ভূমিকায় কাস্টমসকে উপস্থাপন করে কেউ কেউ এক ধরনের বিজাতীয় আনন্দ লাভ করে। অন্যদিকে ভালকিছু হলে, এই যেমন ধরুন, কারেন্সি আটক, গোল্ডের চালান উদ্ধার- এ সকল ক্ষেত্রে ক্রেডিট নিতে অন্য এজেন্সির সদস্যরা যেন মুখিয়ে থাকে। মিডিয়ার ভূমিকাও কোন কোন সময় রহস্যজনক বলে মনে হয়। তারাও যেন কাস্টমসের কৃতিত্ব তুলে ধরতে বড় অনুদার। এর পেছনে কারণটা সহজেই অনুমেয়। ভুলে যাচ্ছেন কেন, টিল মানুষ ফলস্ত গাছেই মারে, পত্রপুষ্পহীন ন্যাডামাথা অর্কিডে নয়।

এক্ষেত্রে আমি মনে করি দায়িত্ব আমাদেরকেই নিতে হবে। বিমানবন্দরে দায়িত্বরত এজেন্সিগুলোর কার্যসূচি সুনির্দিষ্ট হওয়া বাঞ্ছনীয়। বিভিন্ন এজেন্সির সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সভাগুলোতে মামুলিগোছের কাউকে না পাঠিয়ে সিদ্ধান্তগ্রহণে সক্ষম দায়িত্বশীল কোন কর্মকর্তার (চৌকস সহকারী/ডেপুটি কমিশনারের নিচে নয়) অংশগ্রহণ নিশ্চিত করা উচিত। প্রয়োজনে কাস্টমস বিভাগের কর্মপরিবেশ নিরঙ্কুশ করার জন্য আমাদেরকে আরো বেশি অ্যাজারটিভ হতে হবে। অন্যদের কর্মপরিধি জেনে নিয়ে তার পাশাপাশি কাস্টমস বিভাগের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরতে হবে। কার কী দায়িত্ব তা না জানার কারণে অনেক সময় অতুৎসাহী কেউ কেউ অনধিকারচর্যা ব্রতী হন।

প্রসঙ্গত একটি বিষয়ের অবতারণা না করলে নয়। কোন কোন সময় পরিচিতিজন ও ভিআইপিদের প্রোটোকলের মাত্রা বাড়াবাড়ি বলে মনে হয়। এমনও দেখা গেছে, শিফট-ইন-চার্জ একজন সহকারী কমিশনারকে এক শিফটে গোটাকুড়ি প্রোটোকল সামাল দিতে হয়। এদের প্রত্যেকে চান তিনি বা তার আত্মীয়ের বিদেশযাত্রাকালে সহকারী কমিশনার (এআরও হলে হবে না) নিজে উপস্থিত থেকে হাত নেড়ে বিদায় জানাবেন! অথচ একজন মানুষের পক্ষে একই সাথে সবাইকে বিদায় জানানো বাস্তবে কি সম্ভব! সংগত কারণে ব্যর্থ হলে কেউ কেউ সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে গিয়ে এসির বিরুদ্ধে সৌজন্যবোধহীনতার গুরুতর অভিযোগ ঠুকে দেন। একবারও মনে করেন না, শ্রেফ ভিআইপি প্রোটোকল দেয়া ছাড়াও বিমানবন্দরে তাদের অনেক কিছু করার আছে। বিভাগের ভাবমূর্তি সমুন্নত রাখার স্বার্থে এ বিষয়টি (যত ক্ষুদ্রই মনে হোক) নিয়ে গভীরভাবে ভাববার সময় এসেছে বলে মনে করি।

বিদ্যমান নীতিমালা অনুযায়ী পাঁচ থেকে দশ শতাংশ ব্যাগেজ স্ক্যান করা হয়ে থাকে। কোন কোন সময় দেখা যায় কাজের চাপে বা চোখের ভুলে (দীর্ঘক্ষণ একটানা দায়িত্বপালন হেতু কর্মক্লান্তিজনিত কারণে) ডিউটিঅ্যাবল কোন পণ্য গ্রিনচ্যানেল অতিক্রম করে বাইরে চলে যায়। সেখানে ওৎ পেতে থাকে অন্য কোন এজেন্সির সহস্রজোড়া চোখ। সেই যাত্রীকে বমাল ধরে নিয়ে এসে বিধিমোতাবেক কাস্টমস কর্মকর্তাদের নিকট সোপর্দ না করে নিজেদের খুপরিতে নিয়ে অপারিসীম মানসিক চাপ প্রয়োগ করা হয়। এটা একদিকে যেমন আইয়াটা কোডের চরম লংঘন, তেমনি কাস্টমসের ভাবমূর্তির জন্যও আদৌ সহায়ক নয়।

আমি বলছি না, আমাদের কর্মকর্তারা জেনেবুঝে স্বেচ্ছায় গুণ্ডযোগ্য গুডস ছেড়ে দেয়। বরং রক্তমাংসের মানুষ হিসেবে আমাদের অলৌকিক কোন ক্ষমতা থাকার কথা নয় যাতে পাঁচ থেকে দশ শতাংশ ব্যাগেজ স্ক্যান করে শতভাগ নিশ্চয়তা প্রদান সম্ভব। অন্যদিকে, নিয়মানুযায়ী বিদেশ থেকে আগত যাত্রীরা নিজ দায়িত্বে ব্যাগেজে কোন গুণ্ড আরোপযোগ্য পণ্য আছে কি না তা ঘোষণা দিবেন। এক্ষেত্রে ঢালাওভাবে কাস্টমস বিভাগকে অভিযুক্ত করা কেবল অযৌক্তিক নয়, অনধিকারচর্চা বলেও মনে করি।

তবে এ কথা ঠিক, কাস্টমস বিভাগের কর্মতৎপরতা ও দক্ষতা উত্তরোত্তর বৃদ্ধির জন্য প্রতি শিফটে কর্মকর্তার সংখ্যা বাড়ানো এবং উপযুক্ত প্রশিক্ষণ দেয়া উচিত। এক্ষেত্রে স্মর্তব্য যে, মশা নিধনের জন্য কামান নয়, অ্যারোসলই যথেষ্ট। বেছে বেছে চৌকস, স্মার্ট ও সক্ষম কর্মকর্তাদের এয়ারপোর্টে পদায়ন করা হলে বিদ্যমান চিত্রটা আরো উজ্জ্বল হবে বলে প্রত্যয়ের সাথে বলা যায়।

ইউকে, সাউথ আফ্রিকা, সিঙ্গাপুর, মালয়েশিয়া ও দিল্লি এয়ারপোর্টে দেখেছি সেখানে কাস্টমস বিভাগের কর্মকর্তাগণ প্রকৃত দাপটের (ইতিবাচক অর্থে) সাথে দায়িত্ব পালন করছেন। এসব দেশে কাস্টমস এরিয়ায় শুধু কাস্টমস কর্মকর্তারাই কাজ করেন, ব্যাগেজ কাউন্টারে অন্যদের অহেতুক ভিড় দেখা যায় না। তারা জানেন তাদের উপর অপিত সেবামূলক দায়িত্বটি উড়ান-ক্লান্ত যাত্রীদের বিবমিষার উদ্বেক না করে কিভাবে সুসম্পন্ন করা যায়।

অথচ অতি উৎসাহী হয়ে আমাদেরই কেউ কেউ যাত্রীটি গুণ্ড এরিয়া অতিক্রম করার আগেই নিজের কৃতিত্ব জাহিরের মাধ্যমে তাকে ফাঁসিকাঠে ঝোলানোর উদ্যোগ গ্রহণ করে। এহেন কার্যক্রম পেশাগত অদক্ষতা, অবিম্ভ্যকারিতা ও আইয়াটা কোডের সুস্পষ্ট লংঘন মর্মে বিবেচিত। এতে একদিকে যেমন আন্তর্বিভাগীয় সম্পর্ক হুমকির মাঝে পড়ে, তেমনি প্রকৃত অপরাধীরা ঘোলাজালে মৎস্য শিকারের সুযোগ পেয়ে থাকে।

এক্ষেত্রে আমার সবিনয় সুপারিশ- প্রতিটি এয়ারপোর্ট-সংশ্লিষ্ট কাস্টম হাউস কর্তৃপক্ষ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠানের স্বার্থে একজন যুতসই ফোকালপয়েন্ট নির্ধারণ করতে পারেন, যিনি সিভিল এভিয়েশনসহ সবার সাথে নগোশিয়েসন করবেন এবং এই প্রয়াস কাস্টমস বিভাগের জন্য সুফল বয়ে আনবে।

এই বিভাগের একজন সদস্য হিসেবে আমার প্রত্যাশা, বিমানবন্দরগুলোতে পদায়নের ক্ষেত্রে নিয়ন্ত্রক কর্তৃপক্ষ ভাবমূর্তির বিষয়টি বিবেচনায় রেখে অধিকতর যোগ্য, দক্ষ ও সেলফ মোটিভেটেড কর্মকর্তাদের নির্বাচন করবেন। ভাবতে ভাল লাগে বিমানবন্দর কাস্টমস আমাদের গর্বের বাংলাদেশের রৌদ্রকরোজ্জ্বল মুখচ্ছবি- এই ছবিটি থাক চির অমলিন, বাংলাদেশ কাস্টমস উত্তরোত্তর উৎকর্ষলাভ করুক- এই প্রত্যাশা আমাদের সবার।

